

আজ শুরু হলো একাদশ শ্রেণির শিক্ষা কার্যক্রম

২ মার্চ ২০২২

আজ একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি কক্ষে পাঠদান শুরু হয়েছে। আজ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) মিলনায়তনে মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি একাদশ শ্রেণির পাঠদান কার্যক্রম উদ্বোধন করেন এবং শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন মানমস্মত শিক্ষা নিশ্চিত করতে সরকার শিক্ষাক্রম পরিবর্তনে কাজ করছে।

এর আগে সকালে ঢাকা কলেজে একাদশ শ্রেণির নতুন শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন এবং তাদের হাতে বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী বই তুলে দেন। এ বইয়ের ওপর পরে আবার কুইজও অনুষ্ঠিত হবে।

এ সময় শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের মায়ের মত মাতৃভূমি ও মাতৃভাষাকেও ভালোবাসার আহ্বান জানান। মন্ত্রী আরো বলেন, ‘গত প্রায় দু'বছরে করোনা অতিমারির মধ্যে আমাদের শিক্ষার্থীদের পড়াশোনায় বিঘ্ন ঘটে। এরমধ্যেও আমরা পুনর্বিন্যাস করা সিলেবাস অনুযায়ী পরীক্ষা নিয়ে যথাসময়ে ফলাফল প্রকাশ করেছি। কলেজে ভর্তি কার্যক্রম সম্পন্ন করেছি। এত প্রতিকূলতার মধ্যেও সফলভাবে সকল কাজ সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক ধন্যবাদ।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮

